সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়,চৌগাছা , যশোর।
**সিটিজেন চার্টার**

| **কার্যক্রম** | **সেবা** | **সেবা গ্রহণকারী** | **সেবাপ্রদানেরসময়সীমা:** |
|---|---|---|---|
| **দারিদ্র বিমোচন** | | | |
| ১.পল্লী সমাজসেবা কার্যক্রম | • দরিদ্র জনগণকে সংগঠিত করে উন্নয়নের মূল স্রোতধারায় নিয়ে আসা;<br>• দরিদ্রতা বিমোচন ও জীবনযাত্রার মান উন্নয়ন;<br>• সচেতনতামূলক উদ্‌বুদ্ধকরণ এবং দক্ষতা উন্নয়ন;<br>• পরিবার প্রতি সর্বনিম্ন ৫,০০০ টাকা থেকে সর্বোচ্চ ৩০,০০০ টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ ;<br>• আদায়কৃত সার্ভিস চার্জের অর্থ দিয়ে লক্ষ্যভুক্ত ব্যক্তিদের টেকসইসংগঠন (পল্লী সমাজেসবা গ্রাম সমিতি) সৃষ্টি ও গ্রাম সমিতি'র নিজস্ব পুঁজিগঠন। | • নির্বাচিত গ্রামের বাসিন্দা;<br>• পল্লী সমাজসেবা কর্মদলের দলীয় সদস্য;<br>• যে সদস্যের পরিবারের বার্ষিক গড় আয় ৫০,০০০ টাকা পর্যন্ত (দরিদ্রতম) 'ক' শ্রেণি<br>• পরিবারের বার্ষিক গড় আয় ৫০,০০১ টাকা থেকে ৬০,০০০ টাকা পর্যন্ত (দরিদ্র) 'খ'শ্রেণি<br>• পরিবারের বার্ষিক গড় আয় ৬০,০০১ টাকার উর্ধ্বে (দারিদ্র্যসীমার উর্ধ্বে) 'গ' শ্রেণি<br>• 'ক' ও 'খ'শ্রেণি ক্ষুদ্রঋণসহ অন্যান্য সেবা এবং গ শ্রেণি সুদমুক্ত ঋণ ব্যতীত অন্যান্য | • গ্রাম/মহল্লা নির্বাচনের পর ১ম বার ঋণ প্রদান ১ মাস;<br>• পুনর্বিনিয়োগ/২য়/৩য় পর্যায়ের ঋণ প্রদান, আবেদনের পর ২০ দিন। |

| | | | |
|---|---|---|---|
| | | সামাজিক সেবা; | |
| ২.পল্লী মাতৃকেন্দ্র | • দরিদ্র নারীদের সংগঠিত করে উন্নয়নের মূল স্রোতধারায় নিয়ে আসা;<br>• দরিদ্রতা বিমোচন ও জীবনযাত্রার মান উন্নয়ন;<br>• পরিকল্পিত পরিবার তৈরীতে সহায়তা প্রদান;<br>• জাতীয় জনসংখ্যা কার্যক্রম বাস্তবায়ন সংশ্লিষ্ট সেবা; | • নির্বাচিত গ্রামের বাসিন্দা<br>• পল্লী মাতৃকেন্দ্র কর্মদলের দলীয় সদস্য<br>• মাথাপিছু পারিবারিক আয় ৩৪০০ টাকা | • গ্রাম/মহল্লা নির্বাচনের পর ১ম বার ঋণ প্রদান ১ মাস;<br>• পুনবিনিয়োগ/২য়/৩য় পর্যায়ের ঋণ প্রদান, আবেদনের পর ২০ দিন। |

| | | | |
|---|---|---|---|
| | • সচেতনতামূলক উদ্বুদ্ধকরণ এবং দক্ষতা উন্নয়ন;<br>• ৩ হাজার থেকে ৫ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ;<br>• লক্ষ্যভুক্ত নারীদের সংগঠনের নিজস্ব পুঁজি গঠন। | | |
| **৩.এসিডদগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম** | ৫ হাজার থেকে ২০ হাজার টাকা ক্ষুদ্রঋণ;<br>এসিডদগ্ধ দরিদ্র ব্যক্তিকে এককালীন ৫,০০০ টাকা থেকে ১৫,০০০ টাকা পর্যন্ত অনুদান | নিম্ন আয়ের এসিড দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তি যাদের মাথাপিছু বার্ষিক গড় আয় ৬০,০০০ টাকার ঊর্ধ্বে নয় | কার্যক্রম বাস্তবায়ন কমিটির কর্তৃক উপযুক্ত ঋণ গ্রহীতা নির্বাচন পর ১৫ কর্ম দিবস; পুনবিনিয়োগ/২য়/৩য় পর্যায়ের ঋণ প্রদান, নির্বাচন পর ১০ দিন। |
| **৪.বয়স্ক ভাতা** | দেশের বয়োজ্যেষ্ঠ দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম বয়স্কজনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা বিধানে ও পরিবার ও সমাজে মর্যাদা বৃদ্ধিরলক্ষ্যে ১৯৯৭-৯৮ অর্থ বছরে 'বয়স্কভাতা' কর্মসূচি প্রবর্তন করা হয়।<br>বর্তমানে মাসিক ৫০০/- হারে ভাতা প্রদান করা হয়। | **ভাতা প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী**<br>(১) সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;(২) জন্ম নিবন্ধন/জাতীয় পরিচিতি নম্বর থাকতে হবে;(৩) বয়স পুরুষের ক্ষেত্রে সর্বনিম্ন ৬৫ বছর এবং মহিলাদের ক্ষেত্রে সর্বনিম্ন ৬২ বছর হতে হবে।সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত বয়স বিবেচনায় নিতে হবে; (৪) প্রার্থীর বার্ষিক গড় আয় অনূর্ধ ১০,০০০ (দশ হাজার) টাকা হতে হবে;(৫) বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে।**বিঃ দ্রঃ** বয়স নির্ধারণের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ, এসএসসি/সমমান | বরাদ্দ প্রাপ্তির ২ মাসের মধ্যে |

| | | | |
|---|---|---|---|
| | | পরীক্ষার সনদপত্র বিবেচনা করতে হবে। এক্ষেত্রে কোন বিতর্ক দেখা দিলে সংশ্লিষ্ট কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলেবিবেচিত হবে।<br>**ভাতা প্রাপ্তির অযোগ্যতা**(১) সরকারি কর্মচারী পেনশনভোগী হলে;(২) দুঃস্থ মহিলা হিসেবে ভিজিডি কার্ডধারী হলে;(৩) অন্য কোনোভাবে নিয়মিত সরকারী অনুদান/ভাতা প্রাপ্ত হলে;(৪) কোনো বেসরকারি সংস্থা/ সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠান হতে নিয়মিতভাবে আর্থিক অনুদান/ ভাতা প্রাপ্ত হলে। | |
| **৫.বিধবা ও স্বামী পরিত্যক্ত দুস্থ মহিলা ভাতা** | ১৯৯৮-৯৯ অর্থ বছরে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সমাজসেবাঅধিদফতররের মাধ্যমে বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলাদের ভাতাকর্মসূচি প্রবর্তন করা হয়।<br>বর্তমানে মাসিক ৫০০/- হারে ভাতা প্রদান করা হয়। | **ভাতা প্রাপকের যোগ্যতা ও শর্তাবলী:**<br>১. সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;২. জন্ম নিবন্ধন/জাতীয় পরিচিতি নম্বর থাকতে হবে;৩. বয়ঃবৃদ্ধা অসহায় ও দুঃস্থ বিধবা বা স্বামী পরিত্যক্তা মহিলাকে অগ্রাধিকার প্রদান করা হবে;৪. যিনি দুঃস্থ, অসহায়, প্রায় ভূমিহীন, বিধবা বা স্বামী পরিত্যক্তা এবং যার ১৬ বছর বয়সের নীচে ২টি সন্তন রয়েছে, তিনি ভাতা পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;৫. দুঃস্থ, দরিদ্র, বিধবা ও স্বামী পরিত্যক্তাদের মধ্যে যারা | বরাদ্দ প্রাপ্তির ২ মাসের মধ্যে |

| | | | |
|---|---|---|---|
| | | প্রতিবন্ধী ও অসুস্থ তারা ভাতা পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;৬.     প্রার্থীর বার্ষিক গড় আয়ঃ অনূর্ধ ১২,০০০ (বার হাজার) টাকা হতে হবে;৭.  বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে। | |
| **অসচ্ছল প্রতিবন্ধী ভাতা** | সংবিধানের ১৫(ঘ) অনুচ্ছেদ দায়-দায়িত্বের অংশ হিসেবে ২০০৫-০৬ অর্থ বছর হতে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কর্মসূচি প্রবর্তন করা হয়। বর্তমানে মাসিক ৭৫০/- হারে ভাতা প্রদান করা হয়। | **ভাতা প্রাপকের যোগ্যতা ও শর্তাবলী:** ১. সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;২. প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ অনুযায়ী  সমাজসেবাকার্যালয় হতে নিবন্ধন ও পরিচয়পত্র গ্রহণ করতে হবে। প্রতিবন্ধী ব্যক্তি যেজেলার স্থায়ী বাসিন্দা সে জেলা হতে নিবন্ধন ও পরিচয়পত্র গ্রহণ করবেন;৩. মাথাপিছু বার্ষিক আয় ৩৬,০০০ (ছত্রিশ হাজার) টাকার উর্ধে  নয় এমন প্রতিবন্ধী ব্যক্তিগণ;৪. আবেদনকারীকে অবশ্যই দুঃস্থ প্রতিবন্ধী হতে হবে;৫. ৬ (ছয়) বছরের উর্ধে সকল ধরণের প্রতিবন্ধীকে ভাতা প্রদানের জন্য বিবেচনায় নিতে হবে;৬. বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে। | বরাদ্দ প্রাপ্তির ২ মাসের মধ্যে |
| **৬.প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি** | বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষম দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠীরদক্ষতা বৃদ্ধি ও আয়বর্ধনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করে তাদের | ১. সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;২. প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ অনুযায়ী  সমাজসেবাকার্যালয় হতে | বরাদ্দ প্রাপ্তির ২ মাসের মধ্যে |

| | | | |
|---|---|---|---|
| | সমাজেরমূলস্রোতধারায় আনয়ন | নিবন্ধন ও পরিচয়পত্র গ্রহণ করতে হবে। প্রতিবন্ধী ব্যক্তি যেজেলার স্থায়ী বাসিন্দা সে জেলা হতে নিবন্ধন ও পরিচয়পত্র গ্রহণ করবেন;৩. *স্কুলগামী প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্যে ৪ স্তরে (জনপ্রতি মাসিক প্রাথমিক ৭০০, মাধ্যমিক ৮০০, উচ্চমাধ্যমিক ১০০০ এবং উচ্চতর ১৩০০ টাকা হারে) উপবৃত্তি প্রদান ; | |
| **৭.দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন কর্মসূচি** | বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষম দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠীরদক্ষতা বৃদ্ধি ও আয়বর্ধনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করে তাদের সমাজেরমূলস্রোতধারায় আনয়ন | *স্কুলগামী দলিত, হরিজন ও বেদে শিক্ষার্থীদের শিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্যেলক্ষ্যে ৪ স্তরে (জনপ্রতি মাসিক প্রাথমিক ৩০০, মাধ্যমিক ৪৫০, উচ্চমাধ্যমিক ৬০০ এবং উচ্চতর ১০০০ টাকা হারে) উপবৃত্তি প্রদান ; *৫০ বছর বা তদুর্ধ্ব বয়সের অক্ষম ও অসচ্ছল ব্যক্তিকে বিশেষ ভাতা জনপ্রতি মাসিক ৫০০ টাকা প্রদান। | বরাদ্দ প্রাপ্তির ২ মাসের মধ্যে |
| **৮.ক্যাপিটেশন গ্রান্ট** | বেসরকারিভাবে এতিমখানাসমূহ প্রথমতঃ স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ(নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৬১ অনুযায়ী নিবন্ধন প্রদান এবং পরবর্তীতেনিবন্ধন প্রাপ্ত বেসরকারি এতিমখানাসমূহের শিশুদের প্রতিপালন, চিকিৎসা | বেসরকারি এতিমখানার ৫-৯ বছর বয়সী এতিম অর্থ্যাৎ পিতৃহীন বা পিতৃমতৃহীন দরিদ্র শিশুর শতকরা ৫০ ভাগ শিশু। | বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে |

| | | | |
|---|---|---|---|
| | এবংশিক্ষা প্রদানের জন্য আর্থিক সহায়তা করা হয় যা ক্যাপিটেশন গ্রান্ট নামেপরিচিত। | | |
| **৯.ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তা** | যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তা কর্মসূচিটি ২০১৩-১৪ অর্থ বছর হতে চালু হয়েছে। | ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগতহৃদরোগে আক্তান্ত গরীব রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচিতে সমগ্র বাংলাদেশেকার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | বরাদ্দ প্রাপ্তির ৭ দিনের মধ্যে |
| **সেবা ও কমিউনিটি ক্ষমতায়ন** | | | |
| **১০.রোগীকল্যাণ সমিতি** | সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদ্যোগকে সম্পৃক্ত করার লক্ষ্যেহাসপাতাল সমাজসেবা কার্যক্রমকে জোরদারকরণের জন্য প্রতিটি হাসপাতালে আইনঅনুযায়ী নিবন্ধিত রোগীকল্যাণ সমিতি নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠন বিদ্যমানরয়েছে। এ সংগঠন ১৯৬১ সনের ৪৬ নং 'স্বেচ্ছামূলক সমাজকল্যাণ প্রতিষ্ঠান(রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অর্ডিন্যান্স' এর আওতায় নিবন্ধিকৃত। সংগঠনটিসরকারি কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধি, বিশিষ্ট সমাজকর্মী, দানশীল ওবেসরকারি ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইনডোরে ভর্তিকৃত রোগী | আবেদন প্রাপ্তির ১ দিনের মধ্যে |
| **১১.স্বেচ্ছাসেবী সমাজ** | সমাজসেবা অধিদফতর থেকে | সমাজসেবা অধিদফতর হতে ১৯৬১ | আবেদন প্রাপ্তির ১ মাসের মধ্যে |

| | | | |
|---|---|---|---|
| **কল্যাণ সংস্থাসমূহ** | স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ওনিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ ও সংশ্লিষ্ট বিধি, ১৯৬২ এর আওতায় স্বেচ্ছাসেবীসংস্থা ও প্রতিষ্ঠান নিবন্ধন প্রদান করা হয়ে থাকে | সালের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ(নিবন্ধন ও নিয়ন্ত্রণ) ৪৬ নং অধ্যাদেশের আওতায় বিভিন্ন বেসরকারিস্বেচ্ছাসেবি সংস্থা/প্রতিষ্ঠান নিবন্ধন প্রদান করা হয়ে থাকে। | |
| | | | |